

🗏 ত্ব-হা | Ta-Ha | 🕹

আয়াতঃ ২০: ৪৬

া আরবি মূল আয়াত:

قَالَ لَا تَخَافَا إِنَّنِي مَعَكُمَا اَسمَعُ وَ اَرِي ﴿ ٢٤﴾

🗚 অনুবাদসমূহ:

তিনি বললেন, 'তোমরা ভয় করো না। আমি তো তোমাদের সাথেই আছি। আমি সবকিছু শুনি ও দেখি'। — আল-বায়ান

তিনি বললেন, 'তোমরা ভয় করো না, আমি তোমাদের সাথেই আছি, আমি (সব কিছু) শুনি আর দেখি। — তাইসিকল

তিনি বললেনঃ তোমরা ভয় করনা, আমিতো তোমাদের সংগে আছি, আমি শুনি ও দেখি। — মুজিবুর রহমান

[Allah] said, "Fear not. Indeed, I am with you both; I hear and I see. — Sahih International

৪৬. তিনি বললেন, "আপনারা ভয় করবেন না, আমি তো আপনাদের সঙ্গে আছি(১), আমি শুনি ও আমি দেখি।

(১) আল্লাহ্ তা'আলা বলেনঃ আমি তোমাদের সাথে আছি। আমি সব শুনব এবং দেখব। আল্লাহ্ তা'আলা আরশের উপর আছেন, এটাই একজন মুমিনের আকীদা-বিশ্বাস। কিন্তু আল্লাহ্ তা'আলা কুরআনের বিভিন্ন স্থানে তাঁর সঠিক বান্দা ও সৎ লোকদের সাথে আছেন বলে ঘোষণা দিয়েছেন। আহলে সুন্নত ওয়াল জামাআতের আকীদা অনুসারে সে সমস্ত আয়াতে সঙ্গে থাকার অর্থ সাহায্য করা। অর্থাৎ আল্লাহর সাহায্য ও সহযোগিতা তাদের সাথে থাকবে। পরবর্তী বাক্য, "আমি শুনি ও আমি দেখি"ও এ কথা প্রমাণ করে যে, এখানে সহযোগিতার মাধ্যমে সংগে থাকা বোঝানো হয়েছে। [দেখুন, ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

- (৪৬) তিনি বললেন, 'তোমরা ভয় করো না, আমি তোমাদের সঙ্গে আছি; আমি শুনব ও দেখব।[1]
 - [1] অর্থাৎ, তুমি ফিরআউনকে যা কিছু বলবে ও তার প্রত্যুত্তরে সে তোমাদেরকে যা কিছু বলবে, আমি তা শুনব ও তার প্রতিক্রিয়া লক্ষ্য করব। আর সেই অনুযায়ী আমি তোমাদেরকে সাহায্য করব এবং তার সকল চক্রান্তকে ব্যর্থ করে দিব। সুতরাং তোমরা তার নিকট যাও এবং দ্বিধা ও ভয় করো না।

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2394

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন